# বাঁশখালী উপজেলা পরিষদের নভেম্বর, ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব চৌধুরী মোহাম্মদ গালিব সাদলী, চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বাঁশখালী, চট্টগ্রাম |
| সভার তারিখ | : | ১৩/১১/২০২৩ খ্রি. |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা অফিসার্স ক্লাব মিলনায়তন |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-"ক" |
| সভার সংখ্যা | : | ৫৫তম |

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতি মহোদয় উক্ত সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী মহোদয়কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভা কার্যক্রম পরিচালনা করেন। অত:পর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সভায় নিম্নবর্ণিত বিভাগীয় আলোচনা, কার্যক্রম ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য বিভাগঃ** ডা: রিয়াদ মোহাম্মদ, উপজেলা মেডিকেল অফিসার, বাঁশখালী সভায় জানান তাঁর বিভাগের রুটিন কার্যক্রম চলমান রয়েছে। অক্টোবর,২০২৩ মাসের স্বাস্থ্য বিভাগ কর্তৃক প্রতিবেন নিম্নররূপ। বহিঃবিভাগে রোগীর সংখ্যা- ৮০৬৫ জন, জরুরি বিভাগে রোগীর সংখ্যা- ২৯৮৯ জন, আন্তঃ বিভাগে রোগীর সংখ্যা- ১১০৭ জন, চক্ষু রোগীর সংখ্যা- ৬৩৫ জন এবং কমিউনিটি ক্লিনিক সমূহে ২২৬৪৪ জন, ডেঙ্গু রোগীর সংখ্যা (মার্চ/২৩ থেকে সেপ্টেম্বর/২৩) ৩১৫ জন রোগীকে চিকিৎসা সেবা দেওয়া হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, যেকোনো ধরণের চিকিৎসা সেবা গ্রহণের জন্য রোগীকে হাসপাতালমুখী করতে হবে। এ ব্যাপারে ইউ,পি চেয়ারম্যানগণকে কার্যকরী ভূমিকা পালন করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, বাঁশখালী<br>২। ইউ,পি চেয়ারম্যান (সকল) |
| ০২ | **উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ** জনাব ডা: নাজমুল হোসেন, ভেটনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ অফিস, বাঁশখালী সভায় জানান তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। গবাদি পশুর রোগ বালাই দমনে নিয়মিত চেকআপ করার জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে গবাদি পশুর চিকিৎসা সেবা কার্যক্রম অব্যহত রাখার জন্য প্রতি ইউনিয়নে কমপক্ষে প্রতি মাসে ১দিন ক্যাম্প আয়োজনে সার্বিক সহযোগিতা করার জন্য চেয়ারম্যান ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাঁশখালী, চট্টগ্রাম।<br>২। ইউ,পি চেয়ারম্যান (সকল) |
| ০৩ | **উপজেলা কৃষি বিভাগঃ** জনাব আবু সালেক, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঁশখালী সভায় জানান তাঁর বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে রবি মৌসুমে কৃষি প্রণোদনার আওতায় ভুট্টা, সূর্যমুখী, সরিষা, মুগ, খেসারী ও চীনাবাদাম ফসলের আবাদ বৃদ্ধির লক্ষে ৪২৫জন কৃষককে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ এবং ৮০০০জন কৃষককে বোরো হাইব্রিড ধানের বীজ অদ্য মাসিক সাধারণ সভা শেষে বিতরণ করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, সকল প্রান্তিক কৃষককে কৃষি প্রণোদনার আওতায় আনা হলে কৃষি উৎপাদন বৃদ্ধির সহায়ক ভূমিকা পালন করবে। তাই এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য উপজেলা কৃষি অফিসার, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম। |
| ০৪ | **উপজেলা প্রকৌশল বিভাগঃ** জনাব কাজী ফাহাদ বিন মাহমুদ, উপজেলা প্রকৌশলী, বাঁশখালী সভায় জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)র মাধ্যমে গৃহীত পিআইসির প্রকল্পের কাজ চলমান রয়েছে। তিনি আরও জানান আশ্রয়ণ প্রকল্পের নিম্নবর্ণিত ১১টি সংযোগ সড়কসমূহ আইডিভূক্ত করণের জন্য সভায় উপস্থাপন করেন।<br>১। হাজীমুড়া আশ্রয়ণ প্রকল্প সড়ক — ৪১৫০৮৫৪৯৭<br>২। দিঘীর পাড় আশ্রয়ণ প্রকল্প সড়ক — ৪১৫০৮৫৪৯৮<br>৩। দারোগা বাজার আশ্রয়ণ প্রকল্প সড়ক — ৪১৫০৮৫৪৯৯<br>৪। চাম্বল আশ্রয়ণ প্রকল্প সড়ক — ৪১৫০৮৫৫০০<br>৫। নাটমুড়া আশ্রয়ণ প্রকল্প সড়ক — ৪১৫০৮৫৫০১<br>৬। চানপুর আশ্রয়ণ প্রকল্প সড়ক — ৪১৫০৮৫৫০২<br>৭। খানখানাবাদ আশ্রয়ণ প্রকল্প সড়ক — ৪১৫০৮৫৫০৩<br>৮। বৈলগাঁও বাণীগ্রাম আশ্রয়ণ প্রকল্প সড়ক — ৪১৫০৮৫৫০৪<br>৯। বহনার দিঘীর পাড় আশ্রয়ণ প্রকল্প সড়ক — ৪১৫০৮৫৫০৫<br>১০। পাইরাং আশ্রয়ণ প্রকল্প সড়ক — ৪১৫০৮৫৫০৬<br>১১। জংগল কালীপুর আশ্রয়ণ প্রকল্প সড়ক — ৪১৫০৮৫৫০৭ | সভায় বিস্তারিত আলোচনান্তে আশ্রয়ণ প্রকল্পের পার্শ্ববর্তি ১১টি সংযোগ সড়কসমূহ আইডিভূক্ত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, বাঁশখালী, চট্টগ্রাম। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ ঃ জনাব মোঃ মাহমুদুল ইসলাম চৌধুরী, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঁশখালী সভায় জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ইলিশ সম্পদ সংরক্ষণে সামুদ্রিক মৎস্য আইন-২০২০ মোতাবেক ১০ ইঞ্চির কম ইলিশকে জাটকা বলে গণ্য হবে। তাই জাটকা ইলিশ ধরা থেকে বিরত থাকার জন্য জেলেদের অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনা শেষে, ইলিশ সম্পদ সংরক্ষণে সামুদ্রিক মৎস্য আইন-২০২০ মোতাবেক জাটকা মাছ আহরণকারী, মজুতদার ও বাজারজাতকরণ নিষিদ্ধ হওয়ায় তাদের বিরুদ্ধে বিধি প্রয়োজনীয় মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী<br>২। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঁশখালী |
| ০৬ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ জনাব জিয়াউল কাদের, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঁশখালী সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। বাল্য বিবাহ ও বহুবিবাহ একটি সাামাজিক ব্যাধি। ফলে মাতৃমৃত্যু ও ডিভোর্সের হার বৃদ্ধি পাচ্ছে। এমতাবস্থায় বাল্য বিবাহ ও বহুবিবাহ রোধে সচেতনতামূলক সেমিনার আয়োজন করার নিমিত্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বাল্য বিবাহ ও বহুবিবাহ রোধে সচেতনতামূলক সেমিনার আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অ:দা), বাঁশখালী |
| ০৭ | উপজেলা সমাজ সেবা বিভাগঃ জনাব শাকিফ ইশমাম চৌধুরী, উপজেলা সমাজসেবা অফিসার, বাঁশখালী সভায় জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঁশখালী |
| ০৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ জনাব মোঃ রিয়াদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঁশখালী সভায় জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। গত ১২/১১/২০২৩খ্রি: রাত ঘটিকায় খানখানাবাদ ইউনিয়নে ৮টি ঘর সম্পূর্ণরূপে আগুনে ভষ্মিভূত হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে টিআর ও কাবিখার বরাদ্দ পাওয়া গিয়াছে। তাই প্রকল্প তালিকা জমা প্রদানের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনা শেষে, ২০২৩-২০২৪ অর্থ বছরে টিআর ও কাবিখার প্রকল্প তালিকা দ্রুত জমা প্রদানের জন্য ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঁশখালী, চট্টগ্রাম।<br>২। ইউ,পি চেয়ারম্যান (সকল) |
| ০৯ | উপজেলা সমবায় বিভাগ ঃ জনাব গাজী মুহাঃ ওমর ফারুক চৌধুরী, উপজেলা সমবায় অফিসার, বাঁশখালী সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনা শেষে এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসার, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম। |
| ১০ | উপজেলা শিক্ষা বিভাগ ঃ জনাব আবু বকর মোহাম্মদ ছিদ্দিক, উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা, বাঁশখালী সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। আগামী ১৪/১১/২০২৩খ্রি: মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা পূর্ব কোকদন্ডী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শুভ উদ্বোধন ঘোষণা করবেন। | সভায় আলোচনা শেষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক পূর্ব কোকদন্ডী সরকারি প্রাথমিক বিদ্যালয় উদ্বোধন উপলক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার(ভারপ্রাপ্ত), বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), বাঁশখালী, চট্টগ্রাম। |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ জনাব মোহাম্মদ মামুন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালী সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সভায় আলোচনা শেষে শিক্ষার মানোন্নয়নে আরও কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালী |
| ১২ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ঃ জনাব সঞ্জিত চন্দ্র সরকার, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বাঁশখালী সভায় জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। মানবসম্পদ উন্নয়নে হত দরিদ্রের জন্য প্রতিটি ইউনিয়নে ২২৯টি টু-ইন-পিট লেট্রিন দেওয়া হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে মানবসম্পদ উন্নয়নে হত দরিদ্রের জন্য প্রতিটি ইউনিয়নে ২২৯টি টু-ইন-পিট লেট্রিন দেওয়ার বিষয়ে উপজেলা ওয়াটসান কমিটির সভা আহবান করার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বাঁশখালী, চট্টগ্রাম। |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ মোঃ এনামুল করিম, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তার দপ্তরের ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে খেলাপী ঋণ আদায়ের জন্য আরও কার্যকরী ভূমিকা পালন করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঁশখালী |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ জনাব মোঃ শওকতুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঁশখালী সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। আগামী মাসে দারিদ্র বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা ২য় পর্যায় শীর্ষক বায়োগ্যাস প্ল্যান্ট বিষয়ক প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, বেকার যুবদের বায়োগ্যাস প্ল্যান্ট বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যে সার্বিক প্রস্তুতি গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঁশখালী |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৫ | **উপজেলা মহিলা বিষয়ক দপ্তর:** জনাব কুহেলিকা সরকার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঁশখালী, সভায় জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বাঁশখালী এর মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে (তিন) মাস মেয়াদী জানুয়ারি,২০২৩ হতে মার্চ,২০২৩ সেশনে সেলাই প্রশিক্ষণ কোর্সে মহিলা প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে। আগামী ২১/১২/২০২৩খ্রি: তারিখ আবেদন পত্র দাখিলের সময়সীমা নির্ধারণ করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, (তিন) মাস মেয়াদী জানুয়ারি,২০২৪ হতে মার্চ,২০২৪ সেশনে সেলাই প্রশিক্ষণ কোর্সে ভর্তি হতে আগ্রহী মহিলা প্রশিক্ষণার্থীকে আগামী ২১/১২/২০২৩খ্রি: তারিখের মধ্যে সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,বাঁশখালী, চট্টগ্রাম |
| ১৬ | **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ** জনাব মো: জসীম উদ্দীন, ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বাঁশখালী সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তার দপ্তরে ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। অক্টোবর/২০২৩ মাসে মোট ঋণ বিতরণ ৮৪০০০০০/- টাকা, মোট আদায় ৭৮৭৬৩৬৪ টাকা, সঞ্চয় আদায় ৩৯০৮৮২ টাকা। | সভায় বিস্তারিত আলোচনা শেষে খেলাপী ঋণ আদায়ে আরোও কার্যকরী ভূমিকা পালন করার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বাঁশখালী |
| ১৭ | **উপজেলা আনসার ভিডিপি অফিস ঃ** জনাব মো: ইসমাইল, উপজেলা আনসার কমান্ডার, বাঁশখালী সভায় জানান তার বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে, নিয়মিত অস্ত্রবিহীন গ্রাম ভিত্তিক ভিডিপি মৌলিক প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা বাঁশখালী, চট্টগ্রাম। |
| ১৮ | **চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১ঃ** জনাব রীবু ঘোষ, ডিজিএম, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১, বাঁশখালী জোনাল অফিস সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সভায় আলোচনা শেষে, বিদ্যুতের অপচয় রোধকল্পে অপ্রয়োজনীয় লাইট, ফ্যান বন্ধ রাখা এবং নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১, বাঁশখালী জোনাল অফিস |

**বিবিধ ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১৯.১ | **জনাব জসিম হায়দার চৌধুরী, চেয়ারম্যান, খানখানাবাদ ইউ,পি** সভায় জানান, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তার ইউনিয়নে ১নং ওয়ার্ডে ৭-৮ বছর ধরে চৌকিদার নাই। ফলে ইউনিয়নে আইনশৃঙ্খলায় ব্যঘাত সৃষ্টি হচ্ছে। তাই চৌকিদার নিয়োগের জন্য সভায় অনুরোধ জানান। তিনি আরও জানান ১৯৯১ সনে এফডব্লিউসি ভেঙ্গে যাওয়ার পর এখনো পর্যন্ত নতুন কোনো কমিউনিটি ক্লিনিক নির্মাণ হয়নি। ।এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, যে সকল ইউনিয়নে চৌকিদার দফাদারের পদ শূন্য রয়েছে সেসকল পদে চৌকিদার দফাদার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম। |
| ১৯.২ | **জনাব আ,ন,ম শাহাদত আলম, চেয়ারম্যান, কালীপুর ইউ,পি** সভায় জানান, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার একটি প্রতারক চক্র নগদ এ্যাকাউন্টের ওটিপি ও পাসওয়ার্ড নিয়ে তার টাকা উত্তোলন করে ফেলতেছে। এসব প্রতারক চক্রের বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, নগদ এ্যাকাউন্টের ওটিপি ও পাসওয়ার্ড কাউকে শেয়ার না করার বিষয়ে সচেতনতামূলক প্রচারণা চালানোর জন্য ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি, চেয়ারম্যান (সকল) |
| ১৯.৩ | **জনাব এম হারুনুর রশিদ, চেয়ারম্যান, ছনুয়া ইউ,পি** সভায় জানান, তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তার ইউনিয়নে ছনুয়া উপকূলীয় আনোয়ারুল উলুম মাদ্রাসার শিক্ষক নিয়োগ না হওয়ায় ছাত্র-ছাত্রীরা উক্ত প্রতিষ্ঠান থেকে বিমুখ হয়ে অন্য শিক্ষা প্রতিষ্ঠানমুখী হয়ে যাচ্ছে। তাই উক্ত প্রতিষ্ঠান রক্ষার্থে শিক্ষক নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে, ছনুয়া উপকূলীয় আনোয়ারুল উলুম মাদ্রাসার শিক্ষক নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাঁশখালী |
| ১৯.৪ | **জনাব জেসমিন আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, চট্টগ্রাম** সভায় জানা গত ২৪/১০/২০২৩খ্রি: ঘূর্ণিঝড় "হামুন" এর প্রভাবে বাঁশখালীতে ব্যাপক গাছপালা, বৈদ্যুতিক খুটি, ঘরবাড়ি বিধ্বস্ত হয়ে পড়েছিল। এমনকি উপজেলা পরিষদের অভ্যন্তরে প্রচুর গাছপালা উপড়ে পড়ে বৈদ্যুতিক তার, সিসি ক্যামেরাসমূহ নষ্ট হয়ে গিয়েছে। তাই আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে পুরো উপজেলা পরিষদ চত্বর সিসি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। তাই উক্ত সিসি ক্যামেরা স্থাপন করার জন্য উপজেলা পরিষদ থেকে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ প্রাঙ্গণে সিসি ক্যামেরা স্থাপনের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে ২৫০০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদানপূর্বক আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, বাঁশখালী, চট্টগ্রাম। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৯.৫ | জনাব চৌধুরী মোহাম্মদ গালিব সাদলী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঁশখালী সভায় জানান ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)র কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্তির লক্ষ্যে দ্রুত টেন্ডার কার্যক্রম সমাপ্ত করার জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)র কাজ দ্রুত সমাপ্ত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বাঁশখালীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, বাঁশখালী, চট্টগ্রাম। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। ভবিষ্যতে সভার কার্যক্রম আরও জোরালো করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন এবং বিভাগীয় কর্মকর্তাগণকে আন্তরিকতা ও জবাবদিহিতার সহিত দায়িত্ব পালন করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/১১/২০২৩

চৌধুরী মোহাম্মদ গালিব সাদলী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বাঁশখালী, চট্টগ্রাম

স্মারক নং-০০.৫১৭.০০০.০০.২৯.০০১.২০২৩-৪৮ তারিখ: ১৩/১১/২০২৩খ্রি.

অনুলিপি: সদয় অবগতি / প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:
১। জনাব আলহাজ্ব মোস্তাফিজুর রহমান চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-১৬, বাঁশখালী, চট্টগ্রাম।
২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম।
৭। মেয়র, বাঁশখালী পৌরসভা, বাঁশখালী, চট্টগ্রাম।
৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঁশখালী, চট্টগ্রাম।
৯। উপজেলা....................................... (সকল) অফিসার, বাঁশখালী।
১০। চেয়ারম্যান.......................................(সকল) ইউনিয়ন পরিষদ, বাঁশখালী।
১১। ..........................................................................................
১২। অফিস নথি।

১৩/১১/২০২৩

জেসমিন আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
বাঁশখালী, চট্টগ্রাম

CS CamScanner